

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৪৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৯. অপবিত্র অবস্থায় বা উযু ছুটে যাওয়া অবস্থায় ইমামের নামায

بَابُ صَلَاةِ الْإِمَامِ وَهُوَ جُنُبٌ أَوْ مُحْدِثٌ

## আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا زِيَادُ بْنُ أَيُّوبَ ، ثَنَا شَبَابَةُ ، ثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّد بْنِ زِيَادٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ أَنَّهُ صَلَّى صَلَاةً فَقَالَ : " إِنَّ الشَّيْطَانَ عَرَضَ لِي يُفْسِدُ عَلَيَّ الصَّلَاةَ فَأَمْكَنَنِي اللَّهُ مِنْهُ فَذَعَتُهُ وَلَقَدْ هَمَمْتُ أَنْ أُوثِقَهُ إِلَى سَارِيَةٍ حَتَّى تُصِبْحُوا وَتَنْظُرُوا إِلَيْهِ أَجْمَعُونَ \_ أَوْ كُلُّكُمْ \_ فَذَكَرْتُ قَوْلَ سُلَيْمَانَ ( رَبِّ هَبْ لِي مُلْكًا لَا يَنْبَغِي لِأَحَدٍ مِنْ بَعْدِي ) فَرَدَّهُ اللَّهُ خَائِبًا

## বাংলা

১৩৪৭(১৬). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কোন এক ওয়াক্তের নামায পড়লেন। তিনি বলেন, নিশ্চয়ই শয়তান আমার নিকট এসে আমার নামায নষ্ট করতে চেয়েছিল। আল্লাহ আমাকে তার উপর হস্তক্ষেপ করার শক্তি দিলেন। তাই আমি তাকে প্রতিহত করলাম। আমি সকাল পর্যন্ত তাকে খুঁটির সাথে বেঁধে রাখতে চেয়েছিলাম, যাতে তোমরা তাকে দেখতে পাও। অতঃপর আমি সুলায়মান (আ.)-এর কথা স্মরণ করলাম, "হে আমার প্রভু! আমাকে এমন রাজত্ব দান করো, যার অধিকারী আমি ছাড়া আর কেউ না হয়" (সূরা সাদঃ ৩৫)। অতঃপর আল্লাহ তাকে লাঞ্ছিত করে বিতাড়িত করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন